আজকের কাগজ

তারিখ ... 07 FEB 1996 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ...

# আজ থেকে ঢা.বি সম্মান প্রথম বর্ষের ভর্তির ফরম দেয়া শুরু

কাগজ ডেস্ক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্মান প্রথম বর্ষের ভর্তির জন্যে আজ বুধবার থেকে 'ক', 'খ', 'গ' ও 'ঘ' এই চারটি ইউনিটের ভর্তি ফরম দেয়া শুরু হবে। ভর্তি পরীক্ষা শুরু হবে ১৫ মার্চ থেকে। এ বছর ভর্তি পরীক্ষা হবে নতুন এম সি কিউ পদ্ধতিতে।

ভর্তি ফরম দেয়া হবে ৭ মার্চ পর্যন্ত এবং জমা দেয়ারও শেষ দিন ৭ মার্চ। প্রতি ইউনিটের ফরমের দাম ১শ' ৫০ টাকা।

'ক' ইউনিটের ফরম পাওয়া যাবে কার্জন হলের অগ্রণী ব্যাংকে। 'খ' ও 'গ' ইউনিট টিএসসি'র জনতা ব্যাংকে এবং 'ঘ' ইউনিট বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সোনালী ব্যাংকে।

'ঘ' ইউনিটের পরীক্ষা ১৫ মার্চ, 'গ' ইউনিট ২১ মার্চ, 'ঘ' ইউনিট ২২ মার্চ এবং 'ক' ইউনিট ২৯ মার্চ।

বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে 'ক' ও 'গ' এবং 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা নতুন এম সি কিউ পদ্ধিতে অনুষ্ঠিত হবে। 'খ' ইউনিটের ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রিদের বাংলায় ৫০ নম্বর এবং ইংরেজিতে ৫০ নম্বরের বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়ের ওপর পরীক্ষা দিতে হবে। ভর্তি পরীক্ষার সময় উত্তরপত্রের মধ্যেই সমস্ত উত্তর লিখতে হবে। কোনো অতিরিক্ত কাগজ সরবরাহ করা হবে না।

'ক' ইউনিটের জন্যে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ১৩শ' নম্বর এবং সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে শতকরা ৫০ নম্বর থাকতে হবে।

'খ' ও 'গ' ইউনিটের জন্যে এসএসসি ও এইচএসসিসহ কমপক্ষে ১১শ' এবং পছন্দের বিষয়ে শতকরা ৪৫ নম্বর থাকতে হবে।

সম্মিলিত 'ঘ' ইউনিটের আবেদনকারিদের বিজ্ঞান বিভাগ থেকে কমপক্ষে ১৩শ' নম্বর এবং মানবিক ও বাণিজ্য বিভাগের জন্যে কমপক্ষে ১১শ' ৫০ নম্বর থাকতে হবে। এক্ষেত্রেও তাদের পছন্দের বিষয়ে শতকরা ৫০ নম্বর থাকতে হবে।

এ বছর সম্মান প্রথম বর্ষে ভর্তির আসন সংখ্যা মোট ৩ হাজার ৭শ' ২১টি। ইউএনবি'র তথ্য।